

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
গাইবান্ধা
(জে,এম শাখা)
www.gaiibandha.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.৩২০০.০৪৪.০৭.০২১.১৭-২০২৪

তারিখঃ ০৯/১০/২০১৭ খ্রিঃ

বিষয় : গাইবান্ধা জেলা ম্যাজিস্ট্রেসী হতে ইস্যুকৃত আগ্নেয়াস্ত্রের সঠিক তথ্য সংরক্ষণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার আগ্নেয়াস্ত্রের লাইসেন্স হালনাগাদ নবায়ন সংক্রান্ত তথ্য সংরক্ষণের জন্য এ কার্যালয়ে সংরক্ষিত অত্র জেলার আগ্নেয়াস্ত্রের লাইসেন্সধারীগণের থানা ভিত্তিক তালিকা প্রস্তুত করা হয়েছে (কপি সংযুক্ত)। যে সমস্ত লাইসেন্সধারী তাদের নামীয় লাইসেন্সগুলো এ জেলা বা অন্য কোন জেলা ম্যাজিস্ট্রেসি হতে হালনাগাদ নবায়ন করেছেন বা করেননি তা যাচাই করার প্রয়োজন। এ ছাড়া যে সমস্ত লাইসেন্সধারী ইতোমধ্যেই মৃত্যুবরণ করেছেন কিন্তু তাদের নামীয় লাইসেন্সগুলো বাতিলের কার্যক্রম গ্রহণ করা হয়নি মর্মে নিম্নস্বাক্ষরকারীকে থানা পরিদর্শনের সময় জানানো হয়ে থাকে।

এমতাবস্থায়, এ জেলার গাইবান্ধা সদর/গোবিন্দগঞ্জ/পলাশবাড়ী/সাদুল্লাপুর/সুন্দরগঞ্জ/সাঘাটা/ফুলছড়ি থানার যে সমস্ত আগ্নেয়াস্ত্রের লাইসেন্সধারী মৃত্যুবরণ করেছেন এবং ২০১৭ সাল পর্যন্ত নবায়ন করা হয়নি তাদের সঠিক তথ্যাদি যাচাই করে আগামী ১৮/১০/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নবর্ণিত ছক মোতাবেক এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

"ছক"

ক্র:নং	লাইসেন্সধারীর নাম ও ঠিকানা	লাইসেন্স নম্বর	আগ্নেয়াস্ত্রের বিবরণ	নবায়নের সাল	থানায় জমা থাকলে জিডি নম্বর ও তারিখ	মন্তব্য


সংযুক্তি : বর্ণনা মতে.....পাতা।


০৯/১০/২০১৭
(গৌতম চন্দ্র পাল)
জেলা ম্যাজিস্ট্রেট
গাইবান্ধা

☎ ০৫৪১-৫১২২৬(অ:), ৫১৪০৬(বা:)
e:mail- dcgaiibandha@mopa.gov.bd

অফিসার ইন-চার্জ

.....থানা, গাইবান্ধা।


০৯/১০/২০১৭

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

- ১। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ২। পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, গাইবান্ধা। তাঁকে নির্ধারিত সময়ের মধ্যে চাহিত তথ্যাদি প্রেরণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), গাইবান্ধা।
- ৪। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।